### আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১০৭১—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল এর সুপারিশের প্রেক্ষিতে বরিশাল জেলার গৌরনদী থানার মামলা নং-০১, জি আর নং-১৬৮, তারিখ:- ০১-০৭-২০২৫ খ্রিঃ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ২৯৫-ক/৫০৬ ধারা ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের ভূতাপেক্ষ পূর্বানুমতি (Consent) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিউল আলম**
সহকারী সচিব।

---

### জাতীয় রাজস্ব বোর্ড
### [কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০২ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/১৭ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১০০/২০২৫/কাস্টমস/২২৬**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত মেসার্স র‍্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড ডিউটি ফ্রি শপ [বন্ড লাইসেন্স নং-৮৫৭/কাস-এসবিডব্লিউ/২০১৩, তারিখ: ১১-০৪-২০১৩ খ্রি.] এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র.নং | পণ্যের বিবরণ | ২০২৫-২৬ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৮০,০০০.০০ |
| ২ | লিকার | ১৬,০০০.০০ |
| ৩ | কসমেটিক্স, কনফেকশনারী, পারফিউম ও টয়লেট্রিজ | ৪,০০০.০০ |
| | মোট= | **২,০০,০০০.০০ (দুই লক্ষ) মার্কিন ডলার** |

নং **১০১/২০২৫/কাস্টমস/২২৯**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক শাহ-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এ অবস্থিত মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি [বন্ড লাইসেন্স নং-৫(১৩)/কাবক/ চট্ট:/শুল্কমুক্ত বিপনী/লাই:/০৩/২০১৩, তারিখ: ২১-০১-২০১৩ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র.নং | পণ্যের বিবরণ | ২০২৫-২৬ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ১,০৭,০০০.০০ |
| ২ | Cigarettes & Tobacco | ২৩,০০০.০০ |
| ৩ | Cosmetic and Toiletries | ৩,০০০.০০ |
| ৪ | Beverage (Non-alcoholic), Confectionery, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | মোট= | **১,৩৮,০০০.০০ (এক লক্ষ আটত্রিশ হাজার) মার্কিন ডলার** |

তারিখ: ০৩ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/১৮ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১০১/২০২৫/কাস্টমস/২৩৫**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স সাবের ট্রেডার্স লি: [বন্ড লাইসেন্স নং- ৪/কাস/এসবিডব্লিউ/১৯৮২, তারিখ: ১৬-০২-১৯৮২ খ্রি.] এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র.নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২৬ অর্থবছরে আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১ | মেসার্স সাবের ট্রেডার্স লি: | ১৯,৬৩,২২৮.০০ (উনিশ লক্ষ তেষট্টি হাজার দুইশত আটাশ) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

### গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
### প্রশাসন অনুবিভাগ-১
### প্রশাসন অধিশাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ /২৮ জুলাই ২০২৫

নং ২৫.০০.০০০০.০৩৬.০১৮.২৭.০০১৪.২৪-২৯২— যেহেতু, জনাব মফিজুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত বিশেষ ডিজাইন ইউনিট-২, পূর্ত ভবন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় মার্কিন যুক্তরাষ্ট্রের University of South Folrida-তে MS in Civil Engineering কোর্সে অধ্যয়নের অনুমতিসহ ২০-১২-২০২৩ থেকে ১৮-১২-২০২৪ তারিখ পর্যন্ত প্রেষণ মঞ্জুরির জন্য গণপূর্ত অধিদপ্তরে আবেদন করেন। তার প্রেষণ মঞ্জুরির আবেদনটি গণপূর্ত অধিদপ্তর থেকে ১২-১২-২০২৩ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তার অনুকূলে ইস্যুকৃত Offer Letter-এ সমগ্র কোর্সে অধ্যয়নের শতভাগ ব্যয় বহনের বিষয়টি উল্লেখ না থাকায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে তার আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই মর্মে জানানো হয়। তিনি ০৮-০১-২০২৪ তারিখ থেকে বিনা

CamScanner